# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১১৭৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ১১৭৫]

পর্ব-১২: তাত্ববীক্ব (রুকূ’তে দু' হাত হাঁটুদ্বয়ের মাঝে স্থাপন) করা (كتاب التطبيق)

পরিচ্ছেদঃ ১০৩: তাশাহ্হুদের আরেক প্রকার

نَوْعٌ آخَرُ مِنْ التَّشَهُّدِ

আরবী

أَخْبَرَنَا قُتَيْبَةُ، قال: حَدَّثَنَا اللَّيْثُ بْنُ سَعْدٍ، عَنْ أَبِي الزُّبَيْرِ، عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ وَطَاوُسٍ، عَنِ ابْنِ عَبَّاسٍ، قال: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُعَلِّمُنَا التَّشَهُّدَ كَمَا يُعَلِّمُنَا الْقُرْآنَ وَكَانَ يَقُولُ: التَّحِيَّاتُ الْمُبَارَكَاتُ الصَّلَوَاتُ الطَّيِّبَاتُ لِلَّهِ سَلَامٌ عَلَيْكَ أَيُّهَا النَّبِيُّ وَرَحْمَةُ اللَّهِ وَبَرَكَاتُهُ سَلَامٌ عَلَيْنَا وَعَلَى عِبَادِ اللَّهِ الصَّالِحِينَ أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ .

تخريج دارالدعوه: صحيح مسلم/الصلاة ١٦ (٤٠٣)، سنن ابی داود/الصلاة ١٨٢ (٩٧٤)، سنن الترمذی/الصلاة ١٠١ (٢٩٠)، سنن ابن ماجه/الإقامة ٢٤ (٩٠٠)، (تحفة الأشراف: ٥٧٥٠)، مسند احمد ١/٢٩٢ ويأتی عند المؤلف في السهو ٤٢ (برقم: ١٢٧٩) (صحيح)

حيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1175 - صحيح

বাংলা

১১৭৪. কুতায়বাহ্ (রহ.) ..... ইবনু ’আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) আমাদের ঐরূপেই তাশাহ্হুদ শিখাতেন যেভাবে আমাদের কুরআন শিখাতেন, তিনি বলতেন “আত্তাহিয়্যাতু লিল্লা-হি ওয়াস সালাওয়া-তু ওয়াতু তইয়িবা-তু, আসসালা-মু আলায়কা আইয়ুহান নাবিয়ু, ওয়া রহমাতুল্ল-হি ওয়া বারাকাতুহ। আসসালা-মু আলায়না- ওয়া আলা- ’ইবা-দিল্লা-হিস্ স-লিহীন, আশহাদু আল্লা- ইলা-হা ইল্লাল্ল-হু ওয়া আশহাদু আন্না মুহাম্মাদান আবদুহু ওয়া রসূলুহ।
(সকল প্রকার মৌখিক, দৈহিক ও আর্থিক ইবাদত আল্লাহর জন্য। হে নবী! আপনার ওপর আল্লাহর সালাম, রহমত

ও বরকত বর্ষিত হোক। আমাদের এবং আল্লাহর নেক বান্দাদের ওপর সালাম বর্ষিত হোক। আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ব্যতীত প্রকৃত কোন মা’বুদ নেই এবং আমি আরো সাক্ষ্য দিচ্ছি যে, নিশ্চয় মুহাম্মাদ (সা.) তাঁর বান্দা ও রসূল।)।

## English

103. Another Version Of The Tashahhud

It was narrated that Ibn 'Abbas said: The Messenger of Allah (ﷺ) used to teach us the tashahhud as he taught us the Quran, and he used to say: : 'At-tahiyyatu lillahi was-salawatu wat-tayyibat, as-salamu 'alaika ayyuhan-Nabiyyu wa rahmatAllahi wa barakatuhu. As-salamu 'alaina wa 'ala 'ibad illahis-salihin, ash-hadu an la ilaha ill-Allah wa ash-hadu anna Muhammadan 'abduhu wa rasuluhu (All compliments, prayers and pure words are due to Allah. Peace be upon you, O Prophet, and the mercy of Allah (SWT) and his blessings. Peace be upon us and upon the righteous slaves of Allah (SWT). I bear witness that none has the right to be worshipped except Allah and I bear witness that Muhammad is His slave and Messenger).'

### ফুটনোট

সহীহ: মুসলিম ৪০৩, আবু দাউদ, ৯৭৪, তিরমিযী ২৯০, ইবনু মাজাহ ৯০০।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87548

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন